

ঢাকা ওয়াসা

বিষয়: Repairing, Maintenance & Servicing of different Printer, scanner, Desktop Computer at office of MODS Zone-8, Dhaka WASA কাজ প্রসঙ্গে।

সংযুক্তি নং-১। ২০২৪-২০২৫ অর্থ বছরের অত্র জোনের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি।

সংযুক্তি নং-২। বাজার দরের স্বপক্ষে প্রাপ্ত কোটেশন।

সংযুক্তি নং-৩। প্রস্তাবিত প্রাক্কলন।

সংযুক্তি নং-৪। আলোচ্য কাজের প্রতিবেদন।

১। অনুগ্রহ করে সংযুক্ত ক্রমিক নং- ১ হতে ৪ পর্যন্ত দেখা যেতে পারে। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-৮ এ ০৬ (ছয়) জন উপ-সহকারী প্রকৌশলী, ০৪ (চার) জন ডেপুটি ডিএমএ ম্যানেজার, ০২ (দুই) জন ডিএমএ ম্যানেজার, ০২ (দুই) জন সহকারী প্রকৌশলী কর্মরত আছে। উপ-সহকারী প্রকৌশলী এবং সহকারী প্রকৌশলী প্রকৌশলীগণ অফিসিয়াল ডেস্কটপ কম্পিউটার এ দাপ্তরিক কার্য সম্পাদন করেন। অপরদিকে ডিএমএ ম্যানেজার এবং ডেপুটি ডিএমএ ম্যানেজার গণের দাপ্তরিক কার্য সম্পাদনের জন্য অফিস হতে ল্যাপটপ প্রদান করা হয়েছে। এছাড়া তাঁদের নিয়মিত কাজের অংশ হিসেবে প্রতিনিয়ত প্রিন্টারে বিভিন্ন ডকুমেন্ট, চিঠিপত্র, প্রাক্কলন ইত্যাদি প্রস্তুত করে প্রিন্ট করতে হয়। কিন্তু সম্প্রতি বিদ্যুৎ ট্রিপ করার কারণে অত্র অফিসের ০৩ (তিন) টি প্রিন্টার নষ্ট হয়ে যায়। এছাড়া ডিএমএ ম্যানেজার জনাব তৌহিদুজ্জামান তালুকদার সহ অফিস এর সাধারণ শাখা ও অভিযোগ কেন্দ্রের মোট ০৫ (পাঁচ) টি টি ডেস্কটপ কম্পিউটার এ যান্ত্রিক ত্রুটি দেখা দেয় এবং ০১ (এক) টি ডেস্কটপ কম্পিউটার এর হার্ড ডিস্ক ও এসএসডি নষ্ট নষ্ট হয়ে যায়। উক্ত প্রিন্টার, এবং কম্পিউটার মেরামত ও প্রয়োজনীয় মালামাল ক্রয়ের জন্য ঢাকা ওয়াসার তালিকাভুক্ত তিনজন ১ম শ্রেণীর ঠিকাদারের নিকট হতে কোটেশন সংগ্রহ করা হয়েছে (ক্রঃ ২ দ্রঃ)। সংগৃহীত কোটেশনের সর্বনিম্ন দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যাতে মোট প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে ২৪,১৫০/- (চব্বিশ হাজার একশত পঞ্চাশ টাকা মাত্র) টাকা মাত্র (ক্রঃ নং-৩ দ্রঃ)। আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৮ এর অনুকূলে ২০২৪-২০২৫ ইং অর্থবছরের বরাদ্দকৃত বাজেটের অফিস রক্ষণাবেক্ষণ খাত হতে বহন করা হবে (ক্রঃ নং-১ দ্রঃ)।

২। এমতাবস্থায়, অনুচ্ছেদ ১ এর বর্ণনালোকে Repairing, Maintenance & Servicing of different Printer, scanner, Desktop Computer at office of MODS Zone-8, Dhaka WASA কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৮১(১) অনুযায়ী সরাসরি ক্রয় খাতে মোট ২৪,১৫০/- (চব্বিশ হাজার একশত পঞ্চাশ টাকা মাত্র) টাকা মাত্র প্রাক্কলনটি সদয় অনুমোদন করা যেতে পারে, যা ক্রয় শেষে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের প্রাক্কলনটি প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন, যা সর্বনিম্ন পেশ করা হলো।

Accepted
10.02.25

শেখ আহমেদ সাঈদ সাদি আল
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৮
ঢাকা ওয়াসা।

SDE

মোঃ গোলাম মোস্তফা খন্দকার
উপ-বিভাগীয় প্রকৌশলী
মডস জোন-৮, ঢাকা ওয়াসা।

10.02.25

EE

20/02/25

অনুপম কুমার মন্ডল
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৮
ঢাকা ওয়াসা।

SE, MODS/CE/De-2

20/02/25

মোঃ শাহ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-২, ঢাকা ওয়াসা।

20/02/25

প্রকৌশলী মোঃ আব্দুল সালাম ব্যাপারী
প্রকৌশলী
ঢাকা ওয়াসা।